
# ছবিটির প্রতিটি ধাপ আঁকার সময় কী কী বলতে হবে


## পর্ব ১

"ঈশ্বর প্রত্যেক ব্যক্তিকে সৃষ্টি করেছেন তাঁর সাথে সহভাগিতা করার জন্য এবং একটি সুখী জীবনযাপন করার জন্য। তিনি জীবনকে সমস্যা ও কষ্টে পূর্ণ করার জন্য নকশা করেননি।"




## পর্ব ২

"মানুষ পাপের কারণে ঈশ্বরের থেকে বিচ্ছিন্ন। প্রথম মানব পাপ করেছিল, এবং তখন থেকেই প্রত্যেকটি মানুষ ঈশ্বরের বিরুদ্ধে পাপ করে আসছে।"



**পর্ব ৩**

"ঈশ্বর একজন ধার্মিক বিচারক, এবং অবিশ্বাসীরা যদি অনুগ্রহ না পায় ও ঈশ্বরের সাথে সম্পর্কে ফিরে না আসে, তাহলে তাদেরকে একদিন অনন্তকালের জন্য নরকে ফেলে দেওয়া হবে।"


[তীরটি আঁকুন এবং নরক শব্দটি "লিখুন"।]




**পর্ব ৪**

"আমাদের করা কোনো কাজই আমাদেরকে ঈশ্বরের কাছে ফিরিয়ে আনতে পারে না বা তার দ্বারা আমরা অনুগ্রহ অর্জন করতে পারি না – ভালো কাজ, মন্ডলীতে যাওয়া, ধর্মীয় নীতি পালন, টাকা-পয়সা দান করা....কোনোটিই নয়"


[এই তালিকার প্রতিটি কথা উল্লেখ করে একটি করে তীর আঁকুন।]



### পর্ব ৫

“আমাদের পরিস্থিতি বেশ আশাহীন হত যদি না ঈশ্বর আমাদের জন্য তাঁর কাছে ফিরে আসার একটি উপায় তৈরি করতেন। ঈশ্বরের পুত্র যিশু একটি বলিদান হিসেবে ক্রুশে মৃত্যুবরণ করেছিলেন যাতে আমরা ক্ষমা পেতে পারি। তিন দিন পর, তিনি মৃতদের মধ্য থেকে জীবিত হন।”


[ক্রুশটি আঁকুন।]




### পর্ব ৬

“কিন্তু শুধু এটা জানাই যথেষ্ট নয়। প্রত্যেক ব্যক্তিরই পরিত্রাণ পাওয়ার এবং ঈশ্বরের কাছে ফিরে আসার ব্যক্তিগত চাহিদা থাকতে হবে। একজন ব্যক্তিকে অবশ্যই অনুতাপ করতে হবে, যার মানে হল পাপের জন্য এতটাই লজ্জিত হওয়া যাতে সে তা বন্ধ করতে ইচ্ছা প্রকাশ করে। যে ব্যক্তি অনুতাপ করে, সে ঈশ্বরের কাছ প্রার্থনা করে ক্ষমা গ্রহণ করতে পারে।”

[তীরটি আঁকুন এবং “অনুতাপ” ও “গ্রহণ” শব্দ দুটি লিখুন।]




### পর্ব ৭

“আপনি এই ছবিটিতে কোন অংশে আছেন বলে মনে হয়? আপনার জীবনে কি এমন কোনো বিশেষ সময় আছে যখন আপনি আপনার পাপের জন্য অনুতাপ করেছিলেন, ঈশ্বরের ক্ষমা গ্রহণ করেছিলেন, এবং ঈশ্বরের জন্য জীবন যাপন করা শুরু করেছিলেন; নাকি আপনি এখনও আপনার পাপের দ্বারা ঈশ্বর থেকে বিচ্ছিন্ন?”

[একটি উত্তরের জন্য অপেক্ষা করুন। বহু লোকই স্বীকার করবে যে তারা এখনও ঈশ্বর থেকে বিচ্ছিন্ন।]

“আপনি কি এই পদক্ষেপটির জন্য প্রস্তুত – অনুতাপ করা, ক্ষমা গ্রহণ করা, এবং ঈশ্বরের জন্য জীবন যাপন করা? এখন আপনার সঙ্গে প্রার্থনা করতে পারলে আমার ভালো লাগবে।”

[নিম্নলিখিতভাবে প্রার্থনা করতে পারেন।]

“প্রভু, আমি জানি আমি একজন পাপী এবং অনন্তকালীন শাস্তির যোগ্য। আমি আমার পাপের জন্য লজ্জিত এবং সেগুলি বন্ধ করতে ইচ্ছুক। আমি তোমার কাছে আমার জন্য ক্ষমা প্রার্থনা করি, এই কারণে নয় যে আমি এটার যোগ্য, বরং আসল কারণ হল যিশু আমার জন্য মৃত্যুবরণ করেছেন। পরিত্রাণের জন্য তোমাকে ধন্যবাদ। এই সময় থেকে চিরকাল আমি তোমার জন্য জীবন যাপন করব।”